সূত্রঃ ৩০.৩৪.০০০০.০৭৩.০০০.২৮.২০/ ২০৫৫ তারিখঃ ২৩-০১-২০২০ খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড-এ নিম্নে উল্লিখিত পদসমূহে জনবল নিয়োগের লক্ষ্যে যোগ্য বাংলাদেশি নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে ঃ-

ক্রঃ নং	পদের নাম ও বেতন স্কেল	পদ সংখ্যা	বয়স	শিক্ষাগত যোগ্যতা	যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না
১.	এয়ারক্রাফট মেকানিক (মেইনটেন্যান্স) বেতন স্কেল-টা: ১২,৫০০/---৩০,২৩০/- (বেতন বিভাগ-৩ টেক প্রশাসন)	২৪টি	২৬-০২-২০২০ খ্রিঃ তারিখে অনুর্দ্ধ ৩০ বছর।	১. CAAB/EASA Part 147 অনুমোদিত B1.1 (Aircraft Turbine) অথবা B2 (Avionics) কোর্স সম্পন্ন থাকতে হবে। ২. এয়ারক্রাফট মেইনটেন্যান্স প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ১ (এক) বছর অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। ৩. এসএসসি ও এইচএসসি উভয় পরীক্ষায় বিজ্ঞানসহ ১ম বিভাগে (1st Division) অথবা ন্যূনতম জিপিএ ৩.৫ (৫ এর মধ্যে) পেয়ে উত্তীর্ণ হতে হবে। 'ও' লেভেলে গড়ে যে কোন ৫টি বিষয়ে এবং 'এ' লেভেলে গড়ে যে কোন ২টি বিষয়ে ন্যূনতম ”ডি” থাকতে হবে। ৪. এইচএসসি (HSC) পরীক্ষায় পদার্থবিজ্ঞান (Physics) ও গণিত (Mathmatics) উভয় বিষয়ে ন্যূনতম ৬০% নম্বর অথবা ৩.৫ (৫ এর মধ্যে) **[A-]** থাকতে হবে। 'এ' লেভেলে পদার্থবিজ্ঞান (Physics) ও গণিত (Mathmatics) উভয় বিষয়ে ন্যূনতম 'সি' থাকতে হবে। **অথবা,** ১. ন্যূনতম সিজিপিএ ৩.৬ (৪ এর মধ্যে) সহ Diploma in Engineering (Aerospace or Avionics) ডিগ্রিধারী হতে হবে। ২. এয়ারক্রাফট মেইনটেন্যান্স প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ১ (এক) বছর অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। ৩. এসএসসি পরীক্ষায় বিজ্ঞানসহ ১ম বিভাগে (1st Division) অথবা ন্যূনতম জিপিএ ৩.৫ (৫ এর মধ্যে) পেয়ে উত্তীর্ণ হতে হবে।'ও' লেভেলে গড়ে যে কোন ৫টি বিষয়ে ন্যূনতম ”ডি” থাকতে হবে।	ঢাকা, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, গোপালগঞ্জ, কিশোরগঞ্জ, নেত্রকোনা, লক্ষ্মীপুর, বগুড়া, চাঁপাইনবাবগঞ্জ, নীলফামারী, ঠাকুরগাঁও, বাগেরহাট ও পিরোজপুর।
২.	এয়ারক্রাফট মেকানিক এ্যারোস্পেস (কম্পোনেন্ট মেইনটেন্যান্স) বেতন স্কেল-টা: ১২,৫০০/---৩০,২৩০/- (বেতন বিভাগ-৩ টেক প্রশাসন)	০৮টি	২৬-০২-২০২০ খ্রিঃ তারিখে অনুর্দ্ধ ৩০ বছর।		

শর্তাবলি ও অনলাইনে আবেদনপত্র পূরণ করার নিয়মাবলি ঃ

০১। এয়ারক্রাফট মেকানিক (মেইনটেন্যান্স) পদের জন্য বয়সসীমা ২৬-০২-২০২০ খ্রিঃ তারিখে সর্বোচ্চ ৩০ বছর। এসএসসি পাশের সনদপত্রের ভিত্তিতে বয়স নির্ধারিত হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০২। নির্বাচিত প্রার্থীগণ প্রাথমিকভাবে ০৩ (তিন) বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ প্রাপ্ত হবেন। সন্তোষজনক ০৩ (তিন) বছর চুক্তিভিত্তিক চাকুরি সম্পন্নের পর যোগদানের তারিখ হতে স্থায়ীভাবে আত্মীকরণ করা হবে।

০৩। নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোন সংশোধন, সংযোজন (যদি থাকে) বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড এর ওয়েব সাইটে www.biman-airlines.com প্রকাশ করা হবে।

০৪। বিমান কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি এবং পদনাম সংশোধন, পরিবর্তন, স্থগিত কিংবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

০৫। আবেদনপত্র পূরণ করার নিয়মাবলি ঃ-

ক) বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেডের ওয়েব সাইট www.biman-airlines.com এর Careers Page-এর নির্দিষ্ট লিঙ্কে বা http://bbal.teletalk.com.bd ওয়েব সাইটে প্রবেশ করে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. অনলাইনে আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদানের শুরুর তারিখ ও সময়: ২৮-০১-২০২০ খ্রিঃ, সকাল ১০:০০টা।
ii. অনলাইনে আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদানের শেষ তারিখ ও সময়: ২৬-০২-২০২০ খ্রিঃ, রাত ১২:০০টা।

খ) অনলাইন আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (সর্বোচ্চ ৩০০ x ৮০ পিক্সেল এবং ৬০ কেবি'র বেশি নয়) এবং রঙ্গিন ছবি (সর্বোচ্চ ৩০০ x ৩০০ পিক্সেল এবং ১০০ কেবি'র বেশি নয়) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ) অনলাইন আবেদনপত্রে পূরণকৃত তথ্য পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, তাই অনলাইনে আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ) নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী User ID, ছবি ও স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। User ID নম্বর ব্যবহার করে প্রার্থীকে নিম্নোক্ত পদ্ধতিতে যে কোনো Teletalk pre-paid mobile এর মাধ্যমে ০২টি SMS করে আবেদন ফরম পূরণ করার সর্বোচ্চ ৭২ ঘন্টার মধ্যে আবেদন ফি জমা দিতে পারবেন। বর্ণিত পদসমূহের আবেদন ফি অফেরতযোগ্য **১,১১১/- (এক হাজার একশত এগার টাকা)**। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, **"অনলাইনে আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত অনলাইন আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না"**।

ঙ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://bbal.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

চ) SMS এর প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী download পূর্বক রঙ্গিন print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

ছ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে BBAL<Space>Help<Space>User<Space>User_ID & send to 16222 .
Example: BBAL Help User ABCDEF & send to 16222
ii. PIN Mumber জানা থাকলে BBAL<Space>Help<Space>PIN<Space>PIN No & send to 16222 .
Example: BBAL Help PIN 12345678 & send to 16222

০৬। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে মৌখিক সাক্ষাৎকারের পূর্বে সনদ/দলিল/প্রমাণপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে ঃ

(১) অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্ট কপি, (২) প্রবেশপত্রের ফটোকপি, (৩) সদ্য তোলা ৪ (চার) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি, (৪) শিক্ষাগত সকল সনদ ও ট্রান্সক্রিপ্টের ফটোকপি, (৫) জাতীয় পরিচয় পত্রের ফটোকপি, (৬) নিজ জেলার সমর্থনে ইউনিয়ন পরিষদ/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশন/ওয়ার্ড কমিশনারের প্রদত্ত সনদ।

ব্যবস্থাপক নিয়োগ
মানব সম্পদ উপ-বিভাগ
বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড
বলাকা, কুর্মিটোলা, ঢাকা-১২২৯
ফোনঃ ৮৯০১৬০০ এক্সঃ ২১৫৭, ২১৫০, ২১৫৪